

# ■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ৬১৩

৬/ নামাজের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৫১/ যথা সময়ে নামায আদায় করার মর্যাদা।

### আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَكِيمٍ، وَعَمْرُو بْنُ يَزِيدَ، قَالاَ حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ، عَنْ شُعْبَةَ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ، عَنْ أَبِيهِ، أَنَّهُ كَانَ فِي مَسْجِدِ عَمْرِو بْنِ شُرَحْبِيلَ فَأْقِيمَتِ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ، عَنْ أَبِيهِ، أَنَّهُ كَانَ فِي مَسْجِدِ عَمْرِو بْنِ شُرَحْبِيلَ فَأْقِيمَتِ الصَّلاَةُ فَجَعَلُوا يَنْتَظِرُونَهُ فَقَالَ إِنِّي كُنْتُ أُوتِرُ قَالَ وَسُئِلَ عَبْدُ اللَّهِ هَلْ بَعْدَ الأَذَانِ وِتْرُ قَالَ نَعَمْ وَبَعْدَ الإِقَامَةِ وَحَدَّثَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ نَامَ عَنِ الصَّلاَةِ حَتَى طَلَعتِ الشَّمْسُ ثُمَّ صَلَى . وَاللَّفْظُ لِيَحْيَى .

#### বাংলা

৬১৩। ইয়াহইয়া ইবনু হাকীম ও আমর ইবনু ইয়াযীদ (রহঃ) ... মুহাম্মদ ইবনু মুনতাশির (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি একদা আমর ইবনু শুরাহবীল (রাঃ)-এর মসজিদে উপস্থিত ছিলেন। এমন সময় ইকামত বলা হলো। মুসল্লীগণ তার অপেক্ষায় করতে লাগলেন পরে তিনি বললেন আমি বিতরের সালাত আদায় করছিলাম (এ জন্যই বিলম্ভ হয়েছে)। রাবী বলেনঃ তখন আবদুল্লাহ (রাঃ)-এর নিকট ফাতওয়া জিজ্ঞাসা করা হলে হলো যে, আযানের পর কি বিতর আদায় করা যায়? তিনি বললেনঃ হ্যাঁ, শুধু আযান কেন ইকামতের পরও। এ ব্যাপারে তিনি নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম থেকে হাদীসও বর্ণনা করলেন যে, একদা নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম ফজরের সালাতের সময় নিদ্রিত ছিলেন। এমতাবস্হায় সূর্য উদিত হলো। তারপর ঘূম থেকে উঠে সালাত আদায় করলেন।

## **English**

It was narrated from Ibrahim bin Muhammad bin Al-Muntashir that his father was in the Masjid of 'Amr bin Shurahbil and the Iqamah for prayer was said, so they were waiting for him. He said:

"I was praying Witr, and 'Abdullah was asked: 'Is there any Witr after the Adhan?' He said: "Yes, and after the Iqamah, and he narrated that the Prophet ( ) slept and missed the prayer until the sun rose then prayed.'" And the wording is that of Yahya.



## ফুটনোট

সহিহ, যদি মুহাম্মাদ ইবনু মুনতাসির ইবনু মাসউদ (রাঃ) হতে হাদিস শুনে থাকেন। ঘুমিয়ে যাওয়ার ঘটনা সঠিক সহিহ আবু দাউদ হাঃ ৪৭৩, ইরউয়াউল গালীল ১/২৯৩, বুখারি হাঃ ৭৪৭১, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ১৪৪০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু মুনতাশির (রহঃ)

<u> হ্রাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন</u>